অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কে চার গিগাওয়াট বিতরণকৃত সৌর স্থাপন এবং ম্যানহাটনে সর্ববৃহৎ একক-ছাদের উপরের সৌর অ্যারের ঘোষণা দিলেন

স্টেটব্যাপী বিতরণকৃত সৌর প্রকল্প 710,000-র বেশি বাসায় বিদ্যুৎ প্রদান করবে

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু সপ্তাহে মার্কিন জলবায়ু জোটের সদস্যরা বহু-স্টেটের জলবায়ু কর্মকাণ্ড উদযাপন করতে জাভিটস সেন্টারে একত্রিত হয়

নিউ ইয়র্ক 2025 সালের মধ্যে ছয় গিগাওয়াট সূর্যের লক্ষ্য অতিক্রম করার পথে এবং 2030 সালের মধ্যে 10 গিগাওয়াটের দিকে অগ্রগতি ত্বরান্বিত করেছে

সৌর অ্যারের ছবি উপলভ্য এখানে

জলবায়ু সপ্তাহের (Climate Week) অংশ হিসেবে, গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে চার গিগাওয়াট বিতরণকৃত সৌর - সম্প্রদায়, আবাসিক, ক্ষুদ্র বাণিজ্যিক এবং শিল্প প্রকল্প - স্টেটব্যাপী স্থাপন করা হয়েছে, যা 710,000-র বেশি বাসায় বিদ্যুৎ প্রদানের জন্য যথেষ্ট, এটি দেশের সবথেকে শক্তিশালী সৌর বাজারের একটি গঠন করার ক্ষেত্রে নিউ ইয়র্কের নেতৃত্বকে জোরদার করলো। NY-সান (NY-Sun) উদ্যোগের সূচনা থেকে নিউ ইয়র্কে সৌরের খরচ 70 শতাংশ হ্রাস পেয়েছে যেহেতু স্টেটব্যাপী সৌর প্রয়োগ প্রায় 2,900 শতাংশ বৃদ্ধি পেয়েছে, একইসাথে তা 6.4 বিলিয়ন বেসরকারি বিনিয়োগ চালনা করেছে এবং পুরো স্টেটে 12,000-র বেশি কর্মসংস্থানের ব্যবস্থা করেছে। এটিকে নির্মাণাধীন এবং বাণিজ্যিক কার্যক্রমের দিকে যাচ্ছে এমন প্রকল্পসমূহের সাথে একত্রিত করা হলে, আজকের মাইলফলক অর্জন নিউ ইয়র্ককে 2025 সকলের মধ্যে ছয় গিগাওয়াট বিতরণকৃত সৌর স্থাপনের লক্ষ্যকে অতিক্রম করার পথে নিয়ে যায় এবং 2030 সালের মধ্যে 10 গিগাওয়াটের দিকে অগ্রসর হয়। জাভিটস সেন্টারের ছাদ থেকে আজকের ঐতিহাসিক ঘোষণা করতে গভর্নর হোকলের সাথে মার্কিন জলবায়ু জোটের (U.S. Climate Alliance) নেতৃবৃন্দ যোগ দেন, যেখানে তারা ম্যানহাটনের সর্ববৃহৎ একক-ছাদের উপরের সৌর অ্যারে স্থাপনের প্রশংসা করেন। স্থাপনের ওভারভিউ নিয়ে একটি ভিডিও দেখা যাবে এখানে। স্থাপনের একটি টাইম-ল্যাপ্স ভিডিও দেখা যাবে এখানে।

"আমরা জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে নিবিড়ভাবে মনোযোগী, এবং নবায়নযোগ্য শক্তিতে আমাদের দেশের শীর্ষস্থানীয় অগ্রগতি নিউ ইয়র্কের অর্থনীতিকে সুপারচার্জ করছে এবং

একইসাথে সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি সম ও স্বাস্থ্যকর ভবিষ্যৎ তৈরি করছে," **গভর্নর হোকল বলেন।** "এই অর্জনটি স্টেটের প্রতিটি কোণায় এই প্রকল্পগুলি গঠন করার জন্য এবং আগামী অনেক বছরের জন্য যাতে পরিবার ও ব্যবসাসমূহে এর দ্বারা লাভবান হয় তা নিশ্চিত করতে সম্প্রদায় ও শিল্পের সাথে আমাদের একইরকম সফল অংশীদারিত্বের একটি প্রমাণ। আমি জাভিটস সেন্টার (Javits Center) থেকে আজকের ঘোষণাটি করতে পেরে গর্বিত, যা এখন ম্যানহাটনের সর্ববৃহৎ একক-ছাদের উপরের সৌর অ্যারের বাড়ি যার সাথে রয়েছে ব্যাটারি স্টোরেজ সিস্টেম, এবং এটি অন্যান্য আর্বান বাণিজ্যিক ভবনের জন্য একটি উদাহরণ তৈরি করে দিচ্ছে যে কীভাবে আমাদের পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যতের ক্ষেত্রে সবথেকে আধুনিক থাকা যায়।"

নিউ ইয়র্কের স্টেটব্যাপী তিন থেকে চার গিগাওয়াট বিতরণকৃত সৌর স্থাপনে পৌঁছানো হলো এখন পর্যন্ত দ্রুততম গিগাওয়াট-থেকে-গিগাওয়াট বৃদ্ধি, যা এক বছর থেকে কিছু বেশি সময়ে অর্জন করা গেছে। এটির ভিত্তি কোভিড-19 মহামারী থেকে বের হয়ে আসতে স্টেটের উৎপাদনশীলতা, 2022 সালের প্রথম অর্ধেকে 1,200 মেগাওয়াটের বেশি সক্ষমতা স্থাপন করা হয়েছে, যা 217,000টি বাসায় বিদ্যুৎ প্রদানের জন্য যথেষ্ট। নতুন বিতরণকৃত সৌরের অধিকাংশ NY-সানের 289 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রণোদনা, যা ব্যবহার করে 1.5 বিলিয়ন মার্কিন ডলার বেসরকারি বিনিয়োগ আনা হয়েছে, তার দ্বারা সমর্থিত হয়েছে।

জাভিটস সেন্টারের সবুজ ছাদের, যা এলাকার বন্যপ্রাণীদের একটি আবাসস্থল হিসেবেও কাজ করে, 1,400টি সৌর প্যানেলের সম্পূরক হিসেবে থাকবে একটি 3.5 মেগাওয়াট ব্যাটারি স্টোরেজ সিস্টেম। প্রকল্পটি জাভিটস সেন্টার, নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA), এবং সিমেন্স ইন্ডাস্ট্রি ইনকর্পোরেশনের (Siemens Industry, Inc.) মধ্যকার একটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ফল। সিস্টেমটি সর্ববৃহৎ একক ছাদের উপরের সৌর প্রকল্প এবং এতে থাকবে ম্যানহাটনের সবথেকে বেশি ধারণক্ষমতার ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেমগুলির একটি। সৌর স্থাপনের হওয়ার কাজটি শেষ হলো তখন যখন মহামারীর চূড়ান্ত দশার পর জাভিটস সেন্টারে ইভেন্ট কর্মকাণ্ড পুনরায় শুরু হয়েছে, মহামারীর সময় এটি একটি জরুরি ফিল্ড হাসপাতাল হিসেবে কাজ করেছে এবং প্রায় 1,100 নিউ ইয়র্কবাসীর চিকিৎসা করেছে, এবং এরপর মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ টিকা সাইট হিসেবে কাজ করেছে যা ছয় মাসের কম সময়ে নিউ ইয়র্কবাসীকে 646,000-র বেশি টিকাদান করেছে।

2021 সালের আগস্টে জাভিটস সেন্টারের 1.2 মিলিয়ন বর্গফুটের সম্প্রসারণের নির্মাণ কাজ শেষ হওয়ার এবং পুনরায় ইভেন্ট শুরু হওয়ার ঠিক পরপর, জাভিটস নর্থ (Javits North) নাম পরিচিত সম্প্রসারিত অংশে 40টি ইভেন্ট আয়োজিত হয়েছে। কর্মকাণ্ড বেড়ে চলেছে এবং 2022 সালের সেপ্টেম্বর থেকে ডিসেম্বরে ম্যানহাটনের ওয়েস্ট সাইডের এই আইকনিক ভেন্যুতে 49টি ইভেন্ট বুক করা আছে, যা 2021 সালের একই সময়কালের তুলনায় 14 শতাংশ বৃদ্ধি পেয়েছে। নতুন কর্পোরেট গালা এবং ফান্ডরেইজার থেকে শুরু করে ট্রেড শো ও কনভেনশন পর্যন্ত, ইভেন্ট কর্মকাণ্ডের এই বৃদ্ধির কৃতিত্ব দেওয়া যেতে পারে পুরো অঞ্চলে উল্লেখযোগ্য অবকাঠামো বিনিয়োগের প্রতি, যার মধ্যে রয়েছে জাভিটস সেন্টারের বড় সম্প্রসারণ, এবং সেই সাথে লাগুয়ার্ডিয়া বিমানবন্দর (LaGuardia Airport) ও ময়নিহান ট্রেন হলের (Moynihan Train Hall) সাম্প্রতিক রূপান্তরসমূহ। জাভিটস সেন্টারে আয়োজিত ইভেন্টগুলি প্রতি বছর সারা বিশ্বের 39,000টি পর্যন্ত কোম্পানিকে আকৃষ্ট করতে পারে, বার্ষিক 2 বিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত

অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করতে পারে এবং স্টেটব্যাপী প্রত্যক্ষ ও পরোক্ষভাবে 18,000টি পর্যন্ত চাকরিকে সমর্থন করতে পারে।ইলেভেনথ এবং টুয়েলভথ অ্যাভিনিউয়ের মাঝখানে থার্টি ফোর্থ ওয়েস্ট থেকে ফোর্টিথ ওয়েস্ট স্ট্রিট পর্যন্ত সম্প্রসারিত জাভিটস সেন্টারে রয়েছে 200,000 বর্গফুট নতুন মিটিং ও প্রাক-ফাংশন স্পেস, যার মধ্যে রয়েছে দ্য ওভারভিউ (The Overview), একটি 54,000 বর্গফুটের বিশেষ ইভেন্ট স্পেস, একইসাথে একটি কাঁচে ঘেরা ছাদের উপরের প্যাভিলিয়ন এবং টেরাস যেখান থেকে হাডসন যদি দেখা যায়। এছাড়াও একটি এক-একরের ছাদের উপরের খামার এবং গ্রিনহাউজ নির্মিত হয়েছে, যা কনভেনশন সেন্টারের অতিথিদের জন্য একটি ছাদ থেকে টেবিল পর্যন্ত অভিজ্ঞতা তৈরি করেছে। ছাদের উপরের ইভেন্ট স্পেসগুলির নিচে রয়েছে একটি চার তলা ট্রাক মার্শালিং ফ্যাসিলিটি যেখানে যেকোনও সময় 200টি পর্যন্ত ট্রাক্টর ট্রেইলার থাকতে পারে, যা এলাকার জ্যাম ও দূষণ কমায় এবং একইসাথে ট্র্যাফিক নিরাপত্তা বৃদ্ধি করে। সকল স্পেসে রয়েছে সর্বাধুনিক প্রযুক্তির লাইটিং ফিক্সচার, হিটিং এবং কুলিং ব্যবস্থা এবং ওয়্যারলেস সংযোগ। সম্প্রসারণটি মার্কিন সবুজ ভবন পরিষদের (U.S. Green Building Council) দ্বারা LEED গোল্ড (LEED Gold) প্রত্যয়ন পেয়েছে।

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ ও ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্ভয় কর্মকর্তা এবং জলবায়ু পদক্ষেপ পরিষদের (Climate Action Council) সহপ্রধান ডোরিন এম. হ্যারিস বলেন, "স্টেটের সফল NY-সান উদ্যোগ ইতিমধ্যে নিউ ইয়র্ককে দেশের সম্প্রদায়ের সৌর বাজারের শীর্ষ অবস্থানে নিয়ে গেছে এবং এখন এটি আমাদের 2025 সৌর লক্ষ্যকে নির্ধারিত সময়ের পূর্বে অর্জন করার আমাদের অগ্রগতিকে বৃদ্ধি করছে, আমাদেরকে 2030 সালের মধ্যে দশ গিগাওয়াট অর্জনের দিকে নিয়ে যাচ্ছে। NYSERDA এই মাইলফলককে আরো অগ্রসর করে আমাদের সকল আকারের সৌর প্রকল্পকে অগ্রসর করতে উন্মুখ যা গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে, বায়ুর মান উন্নত করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য বিদ্যুতের বিল কম করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন, "পুরো নিউ ইয়র্কে আরো সৌর অ্যারে স্থাপন করা স্টেটের উচ্চাকাঙ্ক্ষী নবায়নযোগ্য শক্তি লক্ষ্য অর্জনের জন্য অতি গুরুত্বপূর্ণ। জাভিটস সেন্টারের সার্বিক ছাদের উপরের সৌর ব্যবস্থাটি নিঃসরণমুক্ত, নবায়নযোগ্য শক্তি উৎসের একটি নিউ ইয়র্ক শোপিস হবে যা বিদ্যুৎ বিল কমাতে সাহায্য করবে এবং একইসাথে আমাদেরকে জীবাশ্ম জ্বালানি থেকে সরে যাওয়ার ব্যাপারে অগ্রসর করবে। নিউ ইয়র্ক সিটির সর্ববৃহৎ ব্যাটারি স্থাপনাগুলির একটি নিয়ে, প্রকল্পটি এছাড়াও অতিরিক্ত শক্তি সঞ্চয় করে রেখে বিদ্যুতের উচ্চ চাহিদার সময় তা ব্যবহার করার মাধ্যমে বৈদ্যুতিক গ্রিডের দক্ষতা বৃদ্ধি করবে।"

জ**াভিটস সেন্টারের প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যালান স্টিল বলেন,** "জাভিটস সেন্টারের ছাদের উপর একটি সৌর অ্যারে স্থাপন করা আমাদের টেকসই হওয়ার যাত্রার আরেকটি বড় ধাপ, এবং ম্যানহাটনের ওয়েস্ট সাইডে এই দুর্দান্ত, এবং নবায়নযোগ্য, শক্তির উৎস তৈরি করতে গভর্নর হোকল, NYPA এবং সিমেন্সের সাথে কাজ করা একটি সম্মানের ব্যাপার। একটি বন্যপ্রাণীর অভয়ারণ্য হওয়া থেকে শুরু করে একটি এক-একরের খামার পরিচালনা করা পর্যন্ত, আমাদের ছাদের উপরটি সমকক্ষ নিউ ইয়র্ক স্টেটের আর নেই, এবং আমরা আশা করছি যে

আমাদের প্রচেষ্টা অন্যদের টেকসই ভবন নিয়ে চিন্তা করতে অনুপ্রাণিত করবে, যখন আমরা নিউ ইয়র্ক সিটির জলবায়ু সপ্তাহ চলাকালে ইভেন্টসমূহের জন্য মানুষকে একত্রিত করছি।"

স্টেটের পাবলিক সার্ভিস কমিশনের (State Public Service Commission) প্রধান ররি এম. ক্রিস্টিয়ান বলেন, "নিউ ইয়র্কের অত্যন্ত প্রশংসিত NY-সান উদ্যোগটি আমাদেরকে নিউ ইয়র্কের সৌর শক্তি বিকাশের আমাদের গুরুত্বপূর্ণ লক্ষ্য অর্জনে সাহায্য করবে। এই কর্মসূচিগুলি, গভর্নর হোকল যেগুলির শক্তভাবে সমর্থন করেন, গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করবে এবং শক্তির অস্থির মূল্য হ্রাস করবে। যখন আমরা সৌর শক্তির প্রকল্পসমূহকে চালনা করবো, নিউ ইয়র্ক নতুন অর্থনৈতিক সুযোগ সৃষ্টি করবে এবং নিউ ইয়র্কবাসীর জন্য ভালো বেতনের কর্মসংস্থান সৃষ্টি করবে।"

নিউ ইয়র্কের সফলতা অনেকাংশে চালিত হয়েছে কমিউনিটি সোলারের মাধ্যমে, এটি একটি উদ্ভাবনী ব্যবসায়িক মডেল যা সৌরের সুবিধা, কোনও আপফ্রন্ট ব্যয় বা অংশগ্রহণের ফি ছাড়াই, এমন নিউ ইয়র্ক ভোক্তার কাছে পৌঁছে দেয় যারা প্রায়শই নিজেদের সম্পত্তিতে সৌর স্থাপন করতে পারে না। এর আগে এই বছরেই গভর্নর হোকল ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক মার্কিন যুক্তরাষ্ট্রের শীর্ষ সম্প্রদায়ের সৌর বাজার হয়ে উঠেছে, যেখানে এক গিগাওয়াটের বেশি স্থাপিত হয়েছে, যা 200,000-র বেশি বাসায় বিদ্যুৎ প্রদানের জন্য যথেষ্ট, এবং যা আগামী অনেক বছরের জন্য সকল নিউ ইয়র্কবাসীর জন্য পরিচ্ছন্ন, সাশ্রয়ী সৌর পাওয়ার অব্যাহত সুযোগ নিশ্চিত করেছে।

স্টেটের NY-সান উদ্যোগ নিউ ইয়র্কের সকল কাউন্টি মিলিয়ে 166,088টি নিউ ইয়র্ক বাসা বা ব্যবসাতে সৌর স্থাপন সমর্থন করায় সাহায্য করেছে, যার মধ্যে লং আইল্যান্ড, মধ্য-হাডসন, এবং ক্যাপিটাল রিজিয়নে সবথেকে বেশি সৌর স্থাপিত হয়েছে। জলবায়ু আইনে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য পরিচ্ছন্ন শক্তি সুবিধার 35 শতাংশ আবশ্যিক করা হয়েছে এবং 40 শতাংশ লক্ষ্য স্থির করা হয়েছে, তার সাথে সংগতি রেখে NYSERDA এর সৌর শক্তি সমতা ফ্রেমওয়ার্কের (Solar Energy Equity Framework) অংশ হিসেবে 1,600 মেগাওয়াটের বেশি শক্তি, যা 280,000 বাসায় বিদ্যুৎ প্রদানের জন্য যথেষ্ট, নিম্ন থেকে মধ্যম আয়ের (low- to moderate-income, LMI) গৃহস্থালি, সাশ্রয়ী আবাসন, এবং সুবিধাবঞ্চিত ও পরিবেশ ন্যায়বিচার সম্প্রদায়সমূহের জন্য নিবেদিত করে রেখেছে।

স্টেটব্যাপী চার গিগাওয়াট বিতরণকৃত সৌর স্থাপনের পাশাপাশি,আরো 3.2 গিগাওয়াট সৌর, যা 560,000 বাসায় বিদ্যুৎ প্রদানের জন্য যথেষ্ট, এখন স্টেটজুড়ে নির্মাণাধীন রয়েছে, যার জন্য NY-সান প্রণোদনা প্রদান করা হয়েছে। এই প্রকল্পসমূহ আগামী দুই থেকে তিন বছরের মধ্যে অনলাইন হবে বলে আশা করা যাচ্ছে যেগুলির অর্ধমিলিয়ন বা তার বেশি বাসায় বিদ্যুৎ প্রদানের সক্ষমতা রয়েছে, যা নিউ ইয়র্ক স্টেটকে স্টেটের ছয় গিগাওয়াট শক্তি লক্ষ্য অর্জনে আরো কাছে নিয়ে যাবে। স্টেটের ছয় গিগাওয়াট সৌর লক্ষ্য অর্জন করা হলে তা আনুমানিক 5.4 বিলিয়ন মার্কিন ডলার বেসরকারি বিনিয়োগ সৃষ্টি করবে এবং স্টেটব্যাপী প্রতি বছর 500 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত শক্তি সঞ্চয় করবে বলে আশা করা যাচ্ছে।

নিউ ইয়র্কজুড়ে বিতরণকৃত সৌরের দ্রুত প্রয়োগ বিস্তৃত ও সম্প্রসারিত ফেডারেল বিনিয়োগ কর ক্রেডিটকে (Investment Tax Credit) এবং 2022 সালের মুদ্রাস্ফীতি হ্রাস অ্যাক্টে (Inflation Reduction Act) অন্তর্ভুক্ত অন্যান্য পরিচ্ছন্ন শক্তি প্রযুক্তিকে আরো ত্বরান্বিত করবে। এছাড়া এই অগ্রগতি NYSERDA-র বৃহৎ-স্কেলের নবায়নযোগ্য কর্মসূচির সম্পূরক, যেটির স্টেটজুড়ে নির্মাণাধীন মোট প্রায় সাত অতিরিক্ত গিগাওয়াট সৌরের 85টি ইউটিলিটি-স্কেল সৌর প্রকল্পের সাথে সক্রিয় চুক্তি রয়েছে, যেগুলির কাজ শেষ হলে তা প্রায় 1.2 মিলিয়ন বাসায় বিদ্যুৎ প্রদানের জন্য যথেষ্ট শক্তি হবে। একত্রে এই প্রকল্পসমূহ নিউ ইয়র্কে 7.5 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ আনবে এবং বিকাশ, নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণে 9,000-র বেশি কর্মসংস্থান সৃষ্টি করবে।

স্টেটের সিনেটর কেভিন এস. পার্কার বলেন, "আমাদের স্টেটজুড়ে 4 গিগাওয়াট বিতরণকৃত সৌর স্থাপনের মাধ্যমে আমরা প্রদর্শন করেছি যে আমরা সময়মত মানুষের জন্য পরিচ্ছন্ন শক্তি স্থাপন করতে পারবো। ছাদের উপরের বিতরণকৃত সৌর সমভাবে জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার আইনের (Climate Leadership and Community Protection Act, CLCPA) অর্জনের পথে একটি মুখ্য ভূমিকা পালন করবে যেহেতু এটি অবকাঠামোতে বিনিয়োগ এড়িয়ে গ্রিডে ইতিবাচক নেট মূল্য যোগ করে এবং স্থিতিস্থাপকতা উন্নত করে। আমি স্টেটের সরকারি বিদ্যুৎ কর্তৃপক্ষ হিসেবে সবুজ প্রকল্পসমূহকে, যেমন জাভিটস প্রকল্প, সম্ভব করার জন্য NYPA-র বিশেষ অবস্থানের প্রশংসা করছি, যা এই সৌর মাইলফলকে অবদান রাখে এবং আমাদেরকে 2025 সালের মধ্যে 6 গিগাওয়াট বিতরণকৃত সৌর পেতে আমাদের CLCPA লক্ষ্যকে অতিক্রম করার সঠিক পথে রাখে।"

অ্যাসেম্বলি সদস্য মাইকেল কুজিক বলেন, "আজকে আমি যে নিউ ইয়র্ক স্টেটে 4,000 মেগাওয়াট স্থাপিত বিতরণকৃত সৌরের এই গুরুত্বপূর্ণ মাইলফলকে পৌঁছানো দেখে গর্বিত।এই অর্জন নিয়ে আজকের ঘোষণা আরেকবার সামনে আসলো জাভিটস সেন্টারে ম্যানহাটনের সর্ববৃহৎ ছাদের উপর স্থাপিত সৌর প্রকল্পের সফল স্থাপন দ্বারা।জলবায়ু সপ্তাহ চলাকালে পরিচ্ছন্ন শক্তির ক্ষেত্রে এই গুরুত্বপূর্ণ অগ্রগতির জন্য আমি গভর্নর হোকল, NYSERDA, NYPA এবং জাভিটস সেন্টারের প্রশংসা করছি।"

ক্যাম্পেইনস ফর দ্য কোয়ালিশন ফর কমিউনিটি সোলার অ্যাক্সেসের (Campaigns for the Coalition for Community Solar Access) ভাইস প্রেসিডেন্ট ম্যাথ হার্গার্টেন বলেন, "যখন সম্প্রদায়ে সৌর প্রয়োগের ক্ষেত্রে ভিশন, নেতৃত্ব, এবং পদক্ষেপকে একত্রিত করা হয় তখন যা সম্ভব হয় নিউ ইয়র্ক তা। CCSA এম্পায়ার স্টেটে প্রদর্শিত বিন্যাস, গভর্নর হোকল থেকে শুরু করে NYSERDA পর্যন্ত, এবং অতি গুরুত্বপূর্ণ জলবায়ু মাইলফলকে পৌঁছাতে যেই বহু মানুষের প্রয়োজন হয় তাদের সকলের প্রশংসা করছি। উচ্চাকাঙ্ক্ষী বিতরণকৃত সৌর লক্ষ্য স্থাপন এবং তা অতিক্রম করা বাকি দেশের জন্য একটি দারুণ উদাহরণ।"

নিউ ইয়র্ক সৌর শক্তি শিল্প অ্যাসোসিয়েশনের (New York Solar Energy Industries Association) নির্বাহী পরিচালক জ্যাক ডুফ্রেসনে বলেন, "সৌর শক্তিতে নিউ ইয়র্কের সাহসী বিনিয়োগ যে দ্রুত লভ্যাংশ প্রদান করছে, আজকের খবর তার প্রমাণ। নিউ ইয়র্কের 4 গিগাওয়াট স্থাপিত বিতরণকৃত সৌর অর্জন দেশের শীর্ষস্থানীয় NY-সান কর্মসূচির সাফল্য এবং

বাজার নিশ্চয়তা আমাদের পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জনে কী প্রভাব ফেলতে পারে তা প্রদর্শন করে। NYSEIA এবং এর সদস্য কোম্পানিগুলি আমাদের 10 গিগাওয়াট সৌর প্রয়োগ এবং CLCPA সমতার লক্ষ্য অর্জন ও অতিক্রম করার প্রচেষ্টার প্রতি গভর্নর হোকল, NYSERDA, পাবলিক সার্ভিস কমিশন, এবং স্টেটের আইনসভার (State Legislature) অটুট সমর্থনের জন্য কৃতজ্ঞ। সরাসরি সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে সেবাদান করে, কর্মসংস্থান সৃষ্টি করে, এবং গ্রিড লাভ প্রদান করে ও ট্রান্সমিশন ব্যয় এড়ানোর মাধ্যমে বিতরণকৃত সৌর শিল্প নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তিতে রূপান্তর কার্যকরভাবে বাস্তবায়ন করার ক্ষেত্রে একটি মুখ্য ভূমিকা পালন করবে।"

নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি জোটের (Alliance for Clean Energy New York) নির্বাহী পরিচালক অ্যান রেনল্ডস বলেন, "সৌরের এই দারুণ মাইলফলক প্রদর্শন করে যে আমরা আমাদের প্রয়োজনীয় পরিচ্ছন্ন শক্তির নির্মাণকাজ ত্বরান্বিত করতে পারি। এই অগ্রগতি, যা সফল NY-সান কর্মসূচির মাধ্যমে সম্ভব হয়েছে, আমাদেরকে 10 গিগাওয়াট লক্ষ্য অর্জনের সঠিক পথে স্থাপন করলো।এই অসাধারণ মাইলফলক উদযাপন করতে পারা দারুণ একটি ব্যাপার, যখন আমরা কর্মসূচির বিকাশ ও উন্নয়ন করে যাচ্ছি, যেমন নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীর প্রতি সৌর প্রয়োগের জন্য নকশাকৃত সকলের জন্য সম্প্রসারিত সৌর কর্মসূচি।"

ভোটসোলারে নর্থইস্টের (VoteSolar Northeast) আঞ্চলিক পরিচালক এলেনা ওয়েইসম্যান বলেন, "নিউ ইয়র্ক দীর্ঘদিন থেকেই একটি সমৃদ্ধশালী সৌর শিল্পের বাড়ি এবং সৌর পলিসির চ্যাম্পিয়ন হয়ে আছে। আমাদের অংশীদার ও সদস্যদের সাথে, ভোট সোলার এই মাইলফলক উদযাপন করছে যেহেতু আমরা 10 গিগাওয়াটের দিকে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য কাজ করে এমন একই পরিচ্ছন্ন গ্রিডের দিকে অগ্রসর হতে আরো শক্তভাবে কাজ করছি। যেহেতু নতুন ফেডারেল তহবিলসমূহ সৌর সম্প্রসারণের জন্য আরো বেশি সুযোগ উন্মোচন করছে, নিউ ইয়র্ককে অবশ্যই একটি গণতান্ত্রিক ও স্থিতিস্থাপক গ্রিড নিশ্চিত করার ক্ষেত্রে নেতৃত্ব দিতে হবে। আমাদের জন্য ল্যান্ডমার্ক জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার আইনের সমতার আবশ্যিকতা অর্জন করাকে অগ্রাধিকার প্রদান করা এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে শক্তি ও অর্থনৈতিক ন্যায়বিচারের জন্য সৌরকে একটি হাতিয়ার হিসেবে ব্যবহার করা, যার মধ্যে একটি বলিষ্ঠ সম্প্রদায় নেতৃত্বাধীন সৌর কর্মসূচির প্রয়োগ অন্তর্ভুক্ত, তার কাজ অতি গুরুত্বপূর্ণ।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে

তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতিকে সামনে এগিয়ে নিয়ে যাবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 1990 সালের তুলনায় 85 শতাংশ কমিয়ে আনবে, সেই সাথে পরিচ্ছন্ন জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে, এবং অন-সাইট জ্বালানি ব্যবহার কমানোর জন্য স্টেটের 2025 সালের জ্বালানি দক্ষতার লক্ষ্যমাত্রার দিকে অগ্রসর হবে যা শেষ-ব্যবহারকারীর 185 ট্রিলিয়ন BTU জ্বালানি সাশ্রয় করবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418